CPS

দ্য কোড ফর ক্রাউন প্রসিকিউটারস (ক্রাউন প্রসিকিউটারদের জন্য বিধি)

The Code for Crown Prosecutors
Bengali edition, February 2010

ক্রাউন প্রসিকিউশন সার্ভিস
ফেব্রুয়ারি 2010

দ্য কোড ফর ক্রাউন প্রসিকিউটারস (ক্রাউন প্রসিকিউটারদের জন্য বিধি)

ক্রাউন প্রসিকিউশন সার্ভিস

ফেব্রুয়ারি **2010**

1 ভূমিকা

1.1 ক্রাউন প্রসিকিউশন সার্ভিস [Crown Prosecution Service (CPS)] হল ইংল্যান্ড ও ওয়েলস-এর প্রধান সরকারী প্রসিকিউশন সার্ভিস (অভিযুক্ত করা ও মামলা চালানোর পরিষেবা)। জানুয়ারি 2010-এ, এটি রেভিনিউ অ্যাণ্ড কাস্টমস প্রসিকিউশন অফিসের [Revenue and Customs Prosecutions Office (RCPO)] সাথে বিলয় করা হয়। এই পরিষেবাটির নেতৃত্ব দেন ডিরেক্টর অফ পাবলিক প্রসিকিউশনস [Director of Public Prosecutions (DPP)], যিনি এছাড়া রেভিনিউ অ্যাণ্ড কাস্টমস প্রসিকিউশন অফিসের ডিরেক্টর [Director of Revenue and Customs Prosecutions]। DPP তার কাজ স্বাধীনভাবে নির্বাহ করেন, অ্যাটর্নি জেনেরালের তত্ত্বাবধাণ অনুযায়ী, যিনি প্রসিকিউশন সার্ভিসটির কাজের জন্য পার্লামেন্টের কাছে দায়বদ্ধ।

1.2 প্রসিকিউশন অফ অফেনসেস অ্যাক্ট [Prosecution of Offences Act] 1985-এর বিভাগ 10 অনুযায়ী DPP দ্য কোড ফর ক্রাউন প্রসিকিউটারস (দি কোড) জারি করার জন্য দায়িত্বপ্রাপ্ত। অভিযুক্ত করা ও মামলা চালানোর বিষয়ে সিদ্ধান্ত নেওয়ার সময় যে সাধারণ নীতিগুলি প্রয়োগ করতে হবে, সে বিষয়ে কোডটি প্রসিকিউটারদের পথনির্দেশ প্রদান করে। এটি কোডটির ষষ্ঠ সংস্করণ এবং এটি আগের সব সংস্করণের পরিবর্তে আনা হয়েছে।

1.3 এই কোডটিতে "প্রসিকিউটার" পরিভাষাটি প্রসিকিউশন সার্ভিসের সেই সদস্যদের বর্ণনা করতে ব্যবহার করা হয়েছে যারা ক্রাউন প্রসিকিউটার হিসাবে নিযুক্ত; যে প্রসিকিউটার RCPO-র সদস্য; সেই অ্যাসোসিয়েট প্রসিকিউটারেরা যারা প্রসিকিউশন অফ অফেনসেস অ্যাক্ট 1985-এর বিভাগ 7A অনুযায়ী নিযুক্ত এবং যারা DPP–র জারি করা নির্দেশাবলী অনুযায়ী তাদের ক্ষমতা ব্যবহার করেন; এবং RCPO-র অন্য সদস্যরা যারা কমিশনারস ফর রেভিনিউ অ্যান্ড কাস্টমস অ্যাক্ট [Commissioners for Revenue and Customs Act] 2005-এর বিভাগ 39 অনুযায়ী রেভিনিউ অ্যাণ্ড কাস্টমস প্রসিকিউশনের ডিরেক্টর হিসাবে DPP দ্বারা নিযুক্ত।

1.4 এই কোডটিতে "পুলিশ বা অন্য অনুসন্ধানকারী" পরিভাষাটি ব্যবহার হয় সেই সব অনুসন্ধানকারী এজেন্সিগুলির সদস্যদের বর্ণনা করতে যারা প্রসিকিউশন সাভিসের কাছে কেসগুলি প্রস্তুত ও উপস্থাপনা করেন, যার মধ্যে অন্তর্ভুক্ত সিরিয়াস অর্গানাইজড ক্রাইম এজেন্সি [Serious Organised Crime Agency] এবং UK বর্ডার এজেন্সি [UK Border Agency]।

1.5 যদিও প্রসিকিউশন সার্ভিস পুলিশ বা অন্য অনুসন্ধানকারীদের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করে, এটি তাদের থেকে স্বতন্ত্র। প্রসিকিউটারদের স্বাধীনতা সংবিধানের এক মৌলিক গুরুত্বপূর্ণ বিষয়।

1.6 প্রসিকিউশন সার্ভিস অন্য আইনগত অধিকারপ্রাপ্ত অনুসন্ধান ও মামলা চালানোর এজেন্সিগুলির সাথে সহযোগিতা করে যাতে ইংল্যান্ড ও ওয়েলস এবং বিদেশ দুই স্থানেই অনুসন্ধান ও প্রসিকিউশনে সহায়তা করা যায়।

1.7 কমিশনারস ফর রেভিনিউ অ্যান্ড কাস্টমস অ্যাক্ট 2005-এর বিভাগ 36(2) অনুযায়ী যে RCPO-র প্রসিকিউটারেরা এই ক্ষমতা অনুযায়ী কাজ করছেন, তাদের DPP দ্বারা জারি করা দ্য কোড ফর ক্রাউন প্রসিকিউটারস-এর সম্মান করতে হবে।

1.8 এই কোডটিতে "সন্দেহভাজন ব্যক্তি" পরিভাষাটি সেই ব্যক্তিকে বর্ণনা করতে ব্যবহার করা হয়, যিনি এখনো আনুষ্ঠানিক অপরাধমূলক শুনানির অঙ্গ হননি; "আসামী" পরিভাষাটি সেই ব্যক্তিকে বর্ণনা করতে ব্যবহার করা হয়, যাকে অভিযুক্ত করা হয়েছে বা আদালতে হাজির হতে বলা হয়েছে; এবং "অপরাধী" পরিভাষাটি সেই ব্যক্তিকে বর্ণনা করতে ব্যবহার করা হয় যিনি কোন পুলিশ অফিসার বা অন্য অনুসন্ধানকারী বা প্রসিকিউটারের কাছে তার দোষ স্বীকার করেছেন, বা যাকে আইনের আদালতে দোষী সাব্যস্ত করা হয়েছে।

1.9 দ্য কোড হল দুটি মুখ্য প্রকাশিত এবং সাধারণভাবে প্রাপ্ত দলিলগুলির একটি যা প্রসিকিউশন সার্ভিসের উদ্দেশ্য এবং কাজকর্মের বর্ণনা করে। দ্বিতীয়টি হল কোর কোয়ালিটি স্ট্যান্ডার্ডস বুকলেট [Core Quality Standards booklet]। শুধু কোডটিই আইন দ্বারা জারি করা হয়।

1.10 একসাথে এই দুটি দলিল জনসাধারণকে জানায় যে প্রসিকিউটারেরা কি করেন; কিভাবে তারা তাদের সিদ্ধান্তগুলি নেন; এবং প্রসিকিউশন সার্ভিস তাদের কাজের প্রত্যেক মুখ্য দিকগুলিতে কি স্তরের পরিষেবা প্রদান করতে অঙ্গীকারবদ্ধ।

1.11 এই পুস্তিকার পিছনের প্রচ্ছদে লিপিবদ্ধ যোগাযোগের কেন্দ্রগুলিতে দ্য কোড এবং কোর কোয়ালিটি স্ট্যান্ডার্ডস বুকলেট পাওয়া যায়।

2 সাধারণ নীতিগুলি

2.1 কোন ব্যক্তির বিরুদ্ধে অভিযোগ ও মামলা দায়ের করা হবে বা তাকে আদালতের বাইরে নিষ্পত্তির সুযোগ দেওয়া হবে, সে বিষয়ে সিদ্ধান্তটি এক গুরুতর পদক্ষেপ। আইনব্যবস্থার রক্ষণাবেক্ষণের জন্য ন্যায় ও কার্যকর প্রসিকিউশন জরুরী হয়ে পড়ে। প্রসিকিউটারদের দায়িত্ব হল নিশ্চিত করা যে যেখানে সম্ভব কোন অপরাধের জন্য সঠিক ব্যক্তির বিরুদ্ধে মামলা চালানো হয় এবং অপরাধীদের বিচার করা হয়। যে মামলা চালানোর সিদ্ধান্তগুলি ন্যায়ভাবে, নিরপেক্ষভাবে এবং সততার সাথে নেওয়া হয়, তা ভুক্তভোগী, সাক্ষী, আসামী এবং জনসাধারণকে ন্যায়বিচার পেতে সাহায্য করে।

2.2 প্রসিকিউটারদের কর্তব্যগুলি হল কেসগুলির পর্যালোচনা করা, তার বিষয়ে পরামর্শ দেওয়া এবং অভিযোগ এবং মামলা দায়ের করা বা অপরাধীকে যথাযথ আদালতের বাইরে নিষ্পত্তির সুযোগ দেওয়া। প্রসিকিউটারদের নিশ্চিত করতে হবে যে আইন যথাযথভাবে প্রয়োগ করা হয়; এবং সব সঙ্গত প্রমাণাদি আদলতের সামনে রাখা হয়; এবং এই কোডে স্থির করা নীতিগুলি অনুযায়ী তথ্য প্রকাশের দায়দায়িত্বটি মেনে চলা হয়।

2.3 যদিও প্রত্যেকটি কেসকে তার নিজস্ব তথ্য এবং যোগ্যতার ভিত্তিতে বিবেচনা করা উচিত, প্রত্যেকটি কেস প্রসিকিউটারেরা কিভাবে বিবেচনা করবেন তার বিষয়ে কিছু সাধারণ নীতি আছে।

2.4 প্রসিকিউটারদের ন্যায়নিষ্ঠ, স্বাধীন ও চেতনা নিরপেক্ষ হতে হবে। সন্দেহভাজন ব্যক্তি, ভুক্তভোগী বা কোন সাক্ষীর জাতিগত বা জাতীয় উৎস, লিঙ্গ, প্রতিবন্ধকতা, বয়স, ধর্ম বা বিশ্বাস, রাজনৈতিক মত, যৌন প্রবণতা বা লিঙ্গগত পরিচয়ের বিষয়ে তাদের ব্যক্তিগত মত তাদের সিদ্ধান্তকে প্রভাবিত করতে পারবে না। কোন উৎস থেকে অযথা চাপের দ্বারাও প্রসিকিউটারেরা প্রভাবিত হতে পারবেন না। প্রসিকিউটারদের সর্বদা ন্যায়ের উদ্দেশ্যে কাজ করতে হবে এবং তারা শুধু অপরাধী সাব্যস্ত করার উদ্দেশ্যে কাজ করবেন না।

2.5 প্রসিকিউশন সার্ভিস বর্তমান, সঙ্গত সমতা বিধিবিধানগুলি অনুযায়ী এক সরকারী কর্তৃপক্ষ। এই বিধিবিধান দ্বারা স্থির করা কর্তব্যগুলির বিষয়ে প্রসিকিউটারেরা দায়বদ্ধ।

2.6 এছাড়া প্রসিকিউশন সার্ভিস হিউম্যান রাইটস অ্যাক্ট [Human Rights Act] 1998-এর উদ্দেশ্যে এক সরকারী কর্তৃপক্ষ। কোন মামলার প্রত্যেকটি পর্যায়ে প্রসিকিউটারদের হিউম্যান রাইটস অ্যাক্ট মেনে মানবাধিকারের ইউরোপীয়ান কনভেনশন-এর [European Convention on Human Rights] নীতিগুলির প্রয়োগ করতে হবে। এছাড়া প্রসিকিউটারদের অ্যাটর্নি জেনেরালের জারি করা নির্দেশাবলী এবং DPP-র হয়ে জারি করা প্রসিকিউশন সার্ভিসের নীতিগুলি মেনে চলতে হবে। বর্তমানে প্রযোজ্য অপরাধবিষয়ক প্রক্রিয়ার নিয়মগুলিও তাদের মেনে চলতে হবে।

3 প্রসিকিউট করা হবে কি না সে বিষয়ে সিদ্ধান্ত

3.1 আরো গুরুতর বা জটিল ক্ষেত্রে, প্রসিকিউটারেরা সিদ্ধান্ত নেন যে কোন ব্যক্তিকে অপরাধমূলক আইনভঙ্গের জন্য অভিযুক্ত করা হবে কি না, এবং তা হলে, অপরাধটি কি হবে। তারা এই কোডটি এবং DPP-র অভিযুক্ত করার নির্দেশাবলীর [Guidance on Charging] উপর ভিত্তি করে তাদের সিদ্ধান্তগুলি নেন।পুলিশ একই নীতিগুলির প্রয়োগ করেন স্থির করতে যে তাদের দায়িত্বে থাকা সেই কেসগুলিতে কোন ব্যক্তিকে অভিযুক্ত করা হবে কি না বা আদালতে হাজির হতে বলা হবে কি না।

3.2 অপরাধ সংঘটিত হয়ে থাকতে পারে এমন কোন অভিযোগের বিষয়ে অনুসন্ধান করার জন্য পুলিশ এবং অন্য অনুসন্ধানকারীরা দায়িত্বপ্রাপ্ত। পুলিশ এবং অন্য অনুসন্ধানকারীদের থেকে পাওয়া প্রত্যেকটি কেস প্রসিকিউটারেরা পর্যালোচনা করেন। প্রসিকিউটারদের নিশ্চিত করতে হবে যে কেসটির সেরাভাবে ভাবে নিষ্পত্তি করতে এক অবহিত সিদ্ধান্ত নেওয়ার জন্য সব তথ্য তাদের কাছে আছে। এটির জন্য প্রায়শ প্রসিকিউটারদের সমগ্র অনুসন্ধানমূলক ও প্রসিকিউশনের প্রক্রিয়ার সময়ে পুলিশ এবং অন্য অনুসন্ধানকারীদের অনুসন্ধানের ধরণ, প্রমাণের প্রয়োজনীয়তার বিষয়ে নির্দেশ ও পরামর্শ দিতে হবে এবং এবং যে কোন অভিযুক্ত করার পূর্বের প্রণালীতে সহায়তা করতে হবে। কিন্তু প্রসিকিউটারেরা পুলিশ এবং অন্য অনুসন্ধানকারীদের বাধ্যতামূলকভাবে কোন কাজ করাতে পারবেন না।

3.3 প্রসিকিউটারদের প্রমাণের বিষয়ে দুর্বলতাগুলি চিহ্নিত করতে হবে এবং যেখানে সম্ভব তা শোধরাতে হবে, কিন্তু থ্রেশহোল্ড টেস্ট [Threshold Test] (বিভাগ 5 দেখুন) অনুযায়ী যে মামলাগুলি সম্পূর্ণ কোড টেস্টের [Full Code Test] (বিভাগ 4 দেখুন) প্রমাণবিষয়ক পর্যায়ের প্রয়োজনগুলি পূরণ না করে এবং যেগুলিকে আরো তদন্ত করে আরো জোরদার করা যাবে না, অথবা যেখানে জনহিতার্থে স্পষ্ট যে প্রসিকিউশন করে লাভ নেই (বিভাগ 4 দেখুন), সেই কেসগুলিকে দ্রুত বন্ধ করে দিতে হবে। প্রসিকিউটার প্রাথমিকভাবে পুলিশ এবং অন্য অনুসন্ধানকারীদের সরবরাহ করা প্রমাণ এবং তথ্য বিবেচনা করেন তবুও সন্দেহভাজন ব্যক্তি বা তার হয়ে কাজ করছেন এমন কোন ব্যক্তি পুলিশ এবং অন্য অনুসন্ধানকারীদের মাধ্যমে অভিযুক্ত করার আগে প্রসিকিউটারের কাছে কোন প্রমাণ বা তথ্য দাখিল করতে পারেন, যা প্রসিকিউটারকে সিদ্ধান্ত নেওয়ার সময়ে আরো তথ্য দিয়ে সাহায্য করতে পারে।

3.4 প্রসিকিউটার শুধু তখনই কোন প্রসিকিউশন শুরু করবেন বা চালু রাখবেন যখন তা সম্পূর্ণ কোড টেস্টের দুটি পর্যায়েই উত্তীর্ণ হবে (বিভাগ 4 দেখুন)। এটির ব্যতিক্রম তখনই করা হবে যখন থ্রেশহোল্ড টেস্ট (বিভাগ 5 দেখুন) প্রয়োগ করা হয়, যেখানে তারা অভিযোগ করার পর সন্দেহভাজনকে হাজতে রাখার জন্য আদালতে আবেদন করার প্রস্তাব করা হয়, এবং সম্পূর্ণ কোড টেস্টটি প্রয়োগ করার জন্য প্রয়োজনীয় প্রমাণ তখনো প্রাপ্ত না হয়।

3.5 প্রসিকিউটারদের অবশ্যই নিশ্চিত করতে হবে যে তারা কোন প্রসিকিউশন শুরু করার বা চালু রাখার অনুমতি না দেন, যা করা হলে আদালত তা অত্যাচারমূলক বা অন্যায় বলে মনে করবেন এবং তা আদালতের প্রক্রিয়াটির অপব্যবহার করা হবে।

3.6 পর্যালোচনা একটি ক্রমাগত প্রক্রিয়া এবং কেসটি চলাকালীন কোন পরিস্থিতির পরিবর্তন হলে তা প্রসিকিউটারদের বিবেচনা করতে হবে। যদি তারা অভিযোগগুলিতে পরিবর্তন বা কেসটি বন্ধ করার কথা ভাবেন তাহলে যেখানে সম্ভব তাদের অনুসন্ধানকারী ব্যক্তির সাথে প্রথমে কথা বলা উচিত। প্রসিকিউটার এবং অনুসন্ধানকারীরা ঘনিষ্ঠভাবে একসাথে কাজ করেন, কিন্তু কেসটি চালিয়ে যাওয়া হবে কি না, তার বিষয়ে সিদ্ধান্তের চূড়ান্ত দায়িত্ব প্রসিকিউশন সার্ভিসের কাছে ন্যস্ত থাকে।

3.7 পার্লামেন্ট সিদ্ধান্ত নিয়েছেন যে শুধু সীমিত সংখ্যার খুব গুরুতর বা সংবেদনশীল মামলা DPP-র সাথে একমত হয়ে আদালতে নিয়ে যাওয়া উচিত। এগুলিকে বলা হয় "কনসেন্ট (সম্মতিপ্রাপ্ত)" মামলা। এই মামলাগুলিতে DPP বা তার হয়ে কাজ করা প্রসিকিউটারেরা মামলাটিতে সম্মতি দেবেন কি না তা বিচার করতে কোডটির প্রয়োগ করেন।

4 সম্পূর্ণ কোড টেস্ট

4.1 সম্পূর্ণ কোড টেস্টটির দুটি পর্যায় আছে: (i) প্রমাণের পর্যায়; যার পরে আসে (ii) জনহিতার্থের পর্যায়।

4.2 বেশির ভাগ ক্ষেত্রে, প্রসিকিউট করা হবে কি না সে বিষয়ে অনুসন্ধান শেষ হলে এবং সব প্রাপ্ত প্রমাণাদির পর্যালোচনা করা হলে প্রসিকিউটারদের সিদ্ধান্ত নেওয়া উচিত। কিন্তু কিছু কিছু ক্ষেত্রে, সব সম্ভাব্য প্রমাণ সংগ্রহ এবং বিবেচনা করার আগেই এটি স্পষ্ট হয়, যে জনহিতার্থে প্রসিকিউশনের প্রয়োজন নেই। সেই বিরল ক্ষেত্রে, প্রসিকিউটারেরা আর অগ্রসর না হওয়ার সিদ্ধান্ত নিতে পারেন।

4.3 প্রসিকিউটারেরা এই ধরণের সিদ্ধান্ত তখনই নেবেন যখন তারা সন্তুষ্ট হবেন যে, মোটামুটিভাবে অপরাধ স্থির করা হয়েছে এবং তারা জনহিতার্থে এক সম্পূর্ণ ভাবে অবহিত হয়ে মূল্যায়ন করতে পারছেন। যদি এই সিদ্ধান্ত নেওয়ার জন্য যথেষ্ট তথ্য প্রসিকিউটারদের কাছে না থাকে, অনুসন্ধান চালু থাকবে এবং এই বিভাগে বর্ণিত সম্পূর্ণ কোড টেস্ট অনুযায়ী পরে সিদ্ধান্ত নেওয়া হবে।

4.4 DPP-র জারি করা যে কোন নির্দেশাবলী প্রসিকিউটারদের মেনে চলতে হবে নিশ্চিত করতে যে এই কেসগুলিতে সিদ্ধান্ত যথাযথ এবং সঠিক হয়।

প্রমাণবিষয়ক পর্যায়

4.5 প্রসিকিউটারদের অবশ্যই সন্তুষ্ট হতে হবে যে প্রত্যেক অভিযোগে প্রত্যেক সন্দেহভাজন ব্যক্তির দোষী সাব্যস্ত হওয়ার এক বাস্তবসম্মত সম্ভাবনা থাকার জন্য যথেষ্ট প্রমাণ আছে। আসামীর কি বক্তব্য আছে এবং তা দোষী সাব্যস্ত করার সম্ভাবনাকে কিভাবে প্রভাবিত করবে তা তাদের বিবেচনা করতে হবে। যে কেসটি প্রমাণের পর্যায় পার না হয়, তা আর চালানো উচিত নয়, তা যতই গুরুতর বা সংবেদনশীল হোক না কেন।

4.6 দোষী সাব্যস্ত হওয়ার বাস্তবসম্মত সম্ভাবনা হল একটি বিষয়মুখী পরীক্ষা যার ভিত্তি হল কেবলমাত্র প্রসিকিউটারের দ্বারা প্রমাণাদির মূল্যায়ন এবং সন্দেহভাজন ব্যক্তি তার সপক্ষে যা বলতে পারেন তার বিষয়ে প্রাপ্ত তথ্য। এর অর্থ হল যে এক বিষয়মুখী, নিরপেক্ষ এবং সুসঙ্গত জুরী বা ম্যাজিস্ট্রেটের বেঞ্চ বা বিচারক একা মামলাটি শুনলে, সঠিকভাবে দিকদর্শিত হলে এবং আইন অনুযায়ী কাজ করলে, অভিযোগটির ভিত্তিতে তাদের আসামীকে শাস্তি দেওয়ার সম্ভাবনা বেশি। ক্রিমিনাল আদালতগুলি নিজেরা যে পরীক্ষার প্রয়োগ করে এটি তার থেকে আলাদা একটি পরীক্ষা। আদালত শুধু তখনই শাস্তি দেবে যখন তা নিশ্চিত হবে যে আসামী দোষী।

4.7 প্রসিকিউটের জন্য যথেষ্ট প্রমাণ আছে কি না সে বিষয়ে সিদ্ধান্ত নেওয়ার সময়, প্রসিকিউটারদের বিবেচনা করতে হবে যে প্রমাণগুলি ব্যবহার করা যাবে কি না এবং তা নির্ভরযোগ্য কি না। অনেকগুলি মামলায় প্রমাণ কোন আশঙ্কার কারণ হয় না। কিন্তু কিছু মামলা আছে যেখানে প্রমাণগুলি যত দৃঢ় বলে মনে হয় আসলে তা নয়।বিশেষভাবে প্রসিকিউটাদের নিম্নলিখিত বিষয়গুলি বিবেচনা করতে হবে।

প্রমাণগুলি কি আদালতে ব্যবহার করা যাবে?

ক) এটি কি হতে পারে যে প্রমাণগুলি আদালত স্বীকার করবে না? কিছু আইনি নিয়ম আছে যার অর্থ এই হতে পারে যে এমন কিছু প্রমাণ যা যথাযথ মনে হতে পারে তা বিচারের সময় ব্যবহার করা যায় না। যেমন, এটি কি হতে পারে যে তা সংগ্রহ করার উপায়ের কারণে প্রমাণগুলি ব্যবহার করা যাবে না?

খ) প্রমাণগুলি কি শোনা কথা? যদি তা হয়, আদালত কি সেগুলিকে সেই ব্যতিক্রম অনুযায়ী পেশ করতে দেবে যার দ্বারা এমন প্রমাণ আদালতে পেশ করা যায়?

গ) প্রমাণগুলি কি সন্দেহভাজন ব্যক্তির খারাপ চরিত্রের বিষয়ে? যদি তা হয়, আদালত কি তা পেশ করতে অনুমতি দেবে?

প্রমাণগুলি কি নির্ভরযোগ্য?

ঘ) সন্দেহভাজন ব্যক্তি কি ব্যাখ্যা করেছেন? এই সমগ্র প্রমাণের ভিত্তিতে আদালত কি তা বিশ্বাসযোগ্য মনে করবে? প্রমাণগুলি কি নির্দোষ সাব্যস্ত হওয়ার সমর্থন করে?

ঙ) এমন কি কোন প্রমাণ আছে যা কোন দোষ স্বীকারকে সমর্থন করে বা তার গুরুত্ব হ্রাস করে? এর নির্ভরযোগ্যতাটি কি সন্দেহভাজন ব্যক্তির বোধশক্তির মাত্রার মত কারণের দ্বারা প্রভাবিত হয়?

চ) সন্দেহভাজন ব্যক্তির পরিচয়ের বিষয়ে কি প্রশ্ন তোলা হবে? তার পরিচয়ের প্রমাণ কি যথেষ্ট? যথাযথ পরিচয় পরীক্ষার প্রণালী কি মেনে চলা হয়েছে? যদি না হয়, তা কেন? যথাযথ পরিচয় পরীক্ষার প্রণালী মেনে না চলার ব্যর্থতার ফলে কি পরিচয়ের প্রমাণ অগ্রাহ্য করা হবে?

ছ) কোন সাক্ষীর সাক্ষ্যর নির্ভুলতা, নির্ভরযোগ্যতা বা বিশ্বাসযোগ্যতা নিয়ে কি কোন আশঙ্কা আছে?

জ) আরো কি এমন কোন প্রমাণ আছে যা পুলিশ বা অন্য অনুসন্ধানকারীদের সঙ্গতভাবে খুঁজতে বলা যেতে পারে যা সাক্ষীর সাক্ষ্যের সমর্থন করতে পারে বা তার গুরুত্ব কমিয়ে দিতে পারে?

ঝ) সাক্ষীর কি কোন উদ্দেশ্য আছে যা এই মামলার প্রতি তার মনোভাবে পরিবর্তন আনতে পারে?

ঞ) কোন সাক্ষীর কি পূর্বে কোন সঙ্গত শাস্তি বা আদালতের বাইরে নিষ্পত্তির ইতিহাস আছে যার ফলে তার নির্ভরযোগ্যতায় সন্দেহ করা যেতে পারে?

ট) আরো কি এমন কোন প্রমাণ আছে যা সংগ্রহ করা যেতে পারে, যা পূর্বে সংগৃহীত প্রমাণগুলির সত্যতার সমর্থন করবে?

4.8 একজন যথাযথভাবে প্রশিক্ষিত এবং ক্ষমতাপ্রাপ্ত প্রসিকিউটারকে মামলার পূর্বে যথাযথ কোড অফ প্র্যাকটিস অনুযায়ী সাক্ষীর সাথে একটি সাক্ষাৎকার করা প্রয়োজন, যখন মনে করা হবে যে তা সাক্ষীর সাক্ষ্যের নির্ভরযোগ্যতা মূল্যায়ন করতে বা জটিল সাক্ষ্যের বিষয়ে আরো ভালোভাবে বুঝতে সাহায্য করবে।

4.9 প্রসিকিউটারেরা যদিও নিশ্চিত না থাকেন যে কোন প্রমাণ ব্যবহার করা যাবে কি না বা তা নির্ভরযোগ্য কি না, তাহলেও সেই প্রমাণ তারা অগ্রাহ্য করতে পারবেন না। কিন্তু দোষী সাব্যস্ত করার বাস্তবিক সম্ভাবনা আছে কি না সে বিষয়ে সিদ্ধান্ত নেওয়ার সময়ে তাদের এগুলিকে ঘনিষ্ঠভাবে বিবেচনা করতে হবে।

জনহিতার্থে পর্যায়

4.10 1951 সালে, তৎকালীন অ্যাটর্নি জেনেরাল সার হার্টলি শক্রস জনসাধারণের হিতের বিষয়ে এই মূল্যবান বিবৃতিটি দিয়েছিলেন: *"এই দেশের নিয়মাবলীতে এটি কখনো ছিল না – এবং আমি আশা করি ভবিষ্যতেও তা থাকবে না – যে সন্দেহ করা অপরাধমূলক কার্য স্বয়ংক্রিয়ভাবে প্রসিকিউশনের বিষয় হয়ে যাবে"*। তিনি আরো বলেন যে প্রসিকিউশন তখনই হবে: *"যখন মনে হবে যে অপরাধ বা তা করার পরিস্থিতি এমন ধরণের ছিল যে জনসাধারণের হিতার্থে তার বিষয়ে প্রসিকিউট করার প্রয়োজন আছে"* (হাউস অফ কমনস ডিবেটস [House of Commons Debates], ভলিউম 483, 29 জানুয়ারি 1951)। এইভাবে কাজ করা এর পর থেকে অ্যাটর্নি জেনেরালেরা সমর্থন করেছেন।

4.11 এই অনুযায়ী, যখন প্রসিকিউট করার বা আদালতের বাইরে নিষ্পত্তি প্রদান করার সপক্ষে যথেষ্ট প্রমাণ আছে, প্রসিকিউটারদের বিবেচনা করতে হবে যে জনসাধারণের হিতার্থে প্রসিকিউশনের প্রয়োজন আছে কি না।

4.12 সাধারণত প্রসিকিউট করা হয় যদি না প্রসিকিউটার নিশ্চিত হন যে জনহিতের জন্য প্রসিকিউট না করার পক্ষে যে কারণগুলি আছে তা তার বিপক্ষে থাকা কারণগুলিকে ছাপিয়ে যায়, বা যদি না প্রসিকিউটার সন্তুষ্ট হন যে অপরাধীকে আগেই আদালতের বাইরে বিষয়টি নিষ্পত্তির সুযোগ দিয়ে জনহিতার্থে বিষয়টির সুরাহা করা যেতে পারে। (বিভাগ 7 দেখুন)। অপরাধ বা অপরাধীর অপরাধমূলক কাজের রেকর্ড যত বেশি গুরুতর হবে, জনসাধারণের হিতার্থে প্রসিকিউট করার প্রয়োজনীয়তার সম্ভাবনা ততই বেশি হবে।

4.13 জনহিতের মূল্যায়ন করা অর্থ শুধু এই নয় যে প্রত্যেক পক্ষের কারণগুলি যোগ করে দেখা হবে যে কোন পক্ষে বেশি কারণ আছে। প্রত্যেক কেস তার নিজস্ব তথ্য এবং যোগ্যতার ভিত্তিতে বিবেচনা করতে হবে। প্রসিকিউটারদের প্রত্যেক কেসের পরিস্থিতিতে প্রত্যেক জনহিতার্থের কারণগুলির গুরুত্বের বিষয়ে সিদ্ধান্ত নিতে হবে এবং তারপরে এক সম্পূর্ণ মূল্যায়ন করতে হবে। এটি খুবই সম্ভব যে একটি কারণ বিপক্ষের সব কটি কারণের থেকে বেশি গুরুত্বপূর্ণ বলে মনে করা হয়। যদিও কোন কেসে মামলা করার বিরুদ্ধে জনহিতার্থে কারণ থাকে, প্রসিকিউটারদের তা সত্ত্বেও বিবেচনা করতে হবে যে তারা প্রসিকিউট করবেন কি না এবং শাস্তিবিধানের সময় এই কারণগুলি বিবেচনার জন্য আদালতের কাছে পেশ করবেন কি না।

4.14 কোন কারণ উপস্থিত না থাকলে তার অর্থ এই নয় যে তা বিপক্ষ দিকের কারণ হিসাবে গ্রহণ করা হবে। যেমন, যেহেতু অপরাধটি কোন "গোষ্ঠী করে নি", কোন "প্রসিকিউশনের পক্ষে কারণ"-কে "প্রসিকিউশনের বিপক্ষে কারণে" পরিবর্তিত করে না।

4.15 জনহিতার্থে এমন কিছু সাধারণ কারণ নিচে দেওয়া হল যা সবচেয়ে যথাযথ পদক্ষেপের বিষয়ে সিদ্ধান্ত নেওয়ার সময় বিবেচনা করতে হবে। জনহিতার্থে এই কারণগুলির নিম্নলিখিত তালিকাটি সম্পূর্ণ নয় এবং প্রত্যেকটি কেসকে তার নিজস্ব তথ্য এবং যোগ্যতার আলোকে বিবেচনা করতে হবে।

প্রসিকিউশনের পক্ষে জনহিতার্থে কিছু সাধারণ কারণ

4.16 প্রসিকিউশনের সম্ভাবনা বেশি হয় যদি:

ক) দোষী সাব্যস্ত হলে এক বড় ধরণের শাস্তি হওয়ার সম্ভাবনা থাকে;

খ) শর্তসাপেক্ষে সতর্কীকরণে করার মাধ্যমে প্রসিকিউটার যা অর্জন করতে পারেন, দোষী সাব্যস্ত হলে আদালতের আদেশ তার থেকে বেশি শাস্তি বিধান করার সম্ভাবনা আছে;

গ) অপরাধটিতে অস্ত্রের ব্যবহার করা হয়েছে বা হিংস্র ব্যবহারের ভয় দেখানো হয়েছে;

ঘ) জনসাধারণের সেবায় নিযুক্ত কোন ব্যক্তির বিরুদ্ধে অপরাধটি করা হয়েছে (যেমন, সঙ্কটকালীন পরিষেবার কোন সদস্য; পুলিশ বা কারাগারের অফিসার; স্বাস্থ্য বা সমাজ কল্যাণ পেশাজীবি; জনসাধারণের পরিবহন প্রদানকারী);

ঙ) অপরাধটি পূর্বপরিকল্পিত;

চ) অপরাধটি এক গোষ্ঠী সম্পন্ন করেছে;

ছ) অপরাধটি কোন শিশুর সামনে বা খুব কাছাকাছি সংঘটিত হয়েছে;

জ) অপরাধটি ভুক্তভোগীর জাতিগত বা জাতীয় উৎস, লিঙ্গ, প্রতিবন্ধকতা, বয়স, ধর্ম বা বিশ্বাস, রাজনৈতিক মত, যৌন প্রবণতা বা লিঙ্গগত পরিচয়ের বিষয়ে কোন প্রকারের বৈষম্য দ্বারা অনুপ্রাণিত; বা এই কারণগুলির কোনটির জন্য সন্দেহভাজন ব্যক্তি ভুক্তভোগীর বিরুদ্ধে শত্রুতা প্রদর্শন করেছেন;

ঝ) আরো গুরুতর অপরাধ করার সুবিধার্থে এই অপরাধটি করা হয়েছে;

ঞ) অপরাধটির ভুক্তভোগী দুর্বল পরিস্থিতিতে ছিলেন এবং সন্দেহভাজন সেই সুবিধা গ্রহণ করেছেন;

ট) যে ভাবে অপরাধটি করা হয়েছিল তার মধ্যে দুর্নীতির এক অবদান ছিল;

ঠ) সন্দেহভাজন এবং ভুক্তভোগীর বয়সে অনেক তফাত ছিল এবং সন্দেহভাজন এটির সুবিধা গ্রহণ করেছেন;

ড) সন্দেহভাজন এবং ভুক্তভোগীর বোধশক্তির মাত্রায় অনেক তফাত ছিল এবং সন্দেহভাজন এটির সুবিধা গ্রহণ করেছেন;

ঢ) সন্দেহভাজন ব্যক্তি এক ক্ষমতাবান বা বিশ্বাস উদ্রেককারী পদে ছিলেন এবং তিনি এটির সুবিধা গ্রহণ করেছেন;

ণ) সন্দেহভাজন ব্যক্তি অপরাধটির মূল নেতা বা আয়োজক ছিলেন;

ত) যদি সন্দেহভাজন ব্যক্তির পূর্বে পাওয়া দোষী সাব্যস্তকরণ বা আদালতের বাইরে নিষ্পত্তিগুলি এই অপরাধটির জন্য প্রাসঙ্গিক হয়;

থ) যদি সন্দেহভাজন ব্যক্তি আদালতের আদেশ না মেনে এই অপরাধটি করেছেন বলে অভিযোগ করা হয়;

দ) যদি মামলা চালানো হলে তা সম্প্রদায়ের আত্মবিশ্বাস বজায় রাখার বিষয়ে যথেষ্ট পরিমাণে ইতিবাচক প্রভাব ফেলবে;

ধ) এটি বিশ্বাস করার কারণ আছে যে অপরাধটি করা চালিয়ে যাওয়া হবে বা তার পুনরাবৃত্তি করা হবে।

প্রসিকিউশনের বিরুদ্ধে জনসাধারণের হিতার্থে কিছু সাধারণ কারণ

4.17 প্রসিকিউট করার প্রয়োজন কমে যায় যদি:

ক) আদালত দ্বারা নামেমাত্র শাস্তিদানের সম্ভাবনা আছে;

খ) আদালতের বাইরে এমন এক নিষ্পত্তির মাধ্যমে অপরাধটি করার গুরুত্ব ও ফলাফলগুলি সঙ্গতভাবে সুরাহা করা যায় যেখানে সন্দেহভাজন তা স্বীকার করেন এবং যা তিনি মেনে চলেন: (বিভাগ 7 দেখুন);

গ) সন্দেহভাজন ব্যক্তি কোন যথাযথ নিয়মাধীন প্রক্রিয়া, বা কোন শাস্তিমূলক বা প্রাসঙ্গিক সিভিল শাস্তির অধীনে ছিলেন, যা এখনো বলবত আছে বা সন্তোষজনকভাবে সম্পন্ন করা হয়েছে, যা অপরাধ করার গুরুত্বটি বা বিশ্বাসভঙ্গ করাকে যথেষ্টভাবে পরিপূরণ করে;

ঘ) সত্যই কোন ভুল বা ভুল বোঝাবুঝির জন্য অপরাধটি করা হয়েছিল;

ঙ) ক্ষতি বা লোকসানটি ছোটখাট বলা যেতে পারে এবং তা একটি ঘটনারই ফল, বিশেষত তা যদি ভুল বোঝাবুঝির জন্য সৃষ্ট হয়;

চ) অপরাধ সংঘটিত হওয়ার তারিখের থেকে বিচারের তারিখের মধ্যে দীর্ঘ বিরতি রয়েছে, যদি না:

- অপরাধটি গুরুতর;
- এই দেরী আংশিক ভাবে বা সম্পূর্ণভাবে সন্দেহভাজনের জন্য হয়েছে;
- অপরাধটির বিষয়ে সাম্প্রতিক সময়ে জানা গেছে;
- অপরাধটির জটিলতার কারণে এক দীর্ঘ অনুসন্ধান চলেছে; বা
- আগে যে অপরাধের সমাধান করা যায় নি তার পুনর্বিচার করতে নতুন অনুসন্ধানের পদ্ধতি ব্যবহার করা হয়েছে এবং, এর ফলে, সন্দেহভাজন ব্যক্তিকে চিহ্নিত করা হয়েছে;

ছ) প্রসিকিউট করা হলে তা ভুক্তভোগীর শারীরিক বা মানসিক স্বাস্থ্যে উপর প্রতিকূল প্রভাব ফেলতে পারে, যা অপরাধটির গুরুত্বের কথা ও ভুক্তভোগীর শারীরিক বা মানসিক স্বাস্থ্যের উপর প্রভাবের বিষয়ে তার নিজের মতামতকে মনে রেখে করতে হবে;

জ) অপরাধটি করার বিষয়ে সন্দেহভাজন ব্যক্তির ভূমিকা ছোট ছিল;

ঝ) যে ক্ষতি বা লোকসানটি করা হয়েছে, সন্দেহভাজন তা পূরণ করে দিয়েছেন (কিন্তু কোন সন্দেহভাজন শুধু সেই কারণেই প্রসিকিউশন বা আদালতের বাইরে নিষ্পত্তি এড়াবেন না কারণ তিনি ক্ষতিপূরণ মিটিয়েছেন বা বেআইনি ভাবে পাওয়া অর্থ ফেরত দিয়েছেন);

ঞ) সন্দেহভাজন ব্যক্তি এখন বা অপরাধটি করার সময় যথেষ্ট মানসিক বা শারীরিক অসুস্থতায় ভুগছিলেন, যদি না অপরাধটি গুরুতর হয় বা বাস্তবিক সম্ভাবনা থাকে যে তা আবার করা হবে। প্রসিকিউটারেরা হোম অফিসের নির্দেশাবলীর প্রয়োগ করে স্থির করেন কিভাবে মানসিক অসুস্থতা থাকা অপরাধীদের সাথে কার্যনির্বাহ করতে হবে এবং তাদের সন্দেহভাজনের মানসিক বা শারীরিক অসুস্থতাক ও জনসাধারণ বা এই ধরণের গোষ্ঠীদের পরিচর্যা পরিষেবা প্রদানকারীদের সুরক্ষার বিষয়ে ভারসাম্য রেখে তাদের তা করতে হবে;

ট) প্রসিকিউট করা হলে এমন তথ্য জনসাধারণের গোচরে আনতে হবে যা এই তথ্য প্রদানকারী, আন্তর্জাতিক সম্পর্ক বা sজাতীয় সুরক্ষার ক্ষতি করতে পারে।

ভুক্তভোগী বা তার পরিবারের মতামত

4.18 জনহিতার্থে প্রসিকিউশনের প্রয়োজন আছে কি না তার বিষয়ে সিদ্ধান্ত নিতে, অপরাধটি যা প্রভাব ফেলেছে তার বিষয়ে ভুক্তভোগীর কোন মতামতকে প্রসিকিউটারদের বিবেচনা করতে হবে। প্রাসঙ্গিক হলে প্রসিকিউটারদের ভুক্তভোগীর পরিবারের সদস্যদের মতামতও বিবেচনা করতে হবে, যেমন কোন খুনের ক্ষেত্রে যেখানে মৃত একজন শিশু বা প্রাপ্তবয়স্ক যিনি মেন্টাল ক্যাপাসিটি অ্যাক্ট [Mental Capacity Act] 2005 অনুযায়ী মানসিক ক্ষমতার অধিকারী নন।

4.19 কিন্তু প্রসিকিউশন সার্ভিস ভুক্তভোগী বা তাদের পরিবারবর্গের জন্য সেইভাবে কাজ করেন না যেমন কোন উকিল তার মক্কেলের জন্য কাজ করেন, এবং প্রসিকিউটারদের জনহিতার্থে সর্বাঙ্গীন ভাবে বিবেচনা করতে হবে।

4.20 যেখানে প্রসিকিউটারদের তাদের সিদ্ধান্ত ভুক্তভোগীদের কাছে ব্যাখ্যা করার দায়িত্ব থাকে, যেমন, যদি তারা কোন কেস বন্ধ করে দেন, বা অভিযোগটিতে কোন বড় রকমের পরিবর্তন আনেন, তাহলে তাদের কোড অফ প্র্যাকটিস ফর ভিকটিমস অফ ক্রাইম (অপরাধের ভুক্তভোগীদের জন্য ব্যবহারের কোড)[Code of Practice for Victims of Crime] এবং সকল প্রাসঙ্গিক CPS নির্দেশাবলী মেনে চলতে হবে। প্রসিকিউটারদের সকল সম্মত হওয়া প্রণালী মেনে চলতে হবে, যার মধ্যে অন্তর্ভুক্ত হল সেই সময়কালটি যার মধ্যে এই ধরণের সিদ্ধান্তগুলি ভুক্তভোগীকে জানাতে হবে।

5 থ্রেশহোল্ড পরীক্ষা

5.1 প্রসিকিউটাররা যেখানে সম্ভব সম্পূর্ণ কোড টেস্টের প্রয়োগ করবেন। কিন্তু, কিছু কেস থাকবে যেখানে সন্দেহভাজনকে জামিনে ছেড়ে দিলে যথেষ্ট ঝুঁকি থাকতে পারে এবং তাকে অভিযুক্ত না করে হাজত থেকে মুক্তি দেওয়ার সময়ে সকল প্রমাণ পাওয়া নাও যেতে পারে।

5.2 এই সব কেসে, প্রসিকিউটারেরা অভিযুক্ত করার সিদ্ধান্ত নেওয়ার সময়ে থ্রেশহোল্ড পরীক্ষার প্রয়োগ করতে পারেন।

থ্রেশহোল্ড পরীক্ষাটির প্রয়োগ কখন করা হবে

5.3 থ্রেশহোল্ড পরীক্ষাটি তখনই প্রয়োগ করা হবে যখন প্রসিকিউটার সন্তুষ্ট হবেন নিম্নলিখিত চারটি শর্তের সবকটিরই পালন করা হয়েছে:

ক সম্পূর্ণ কোড টেস্টের প্রমাণবিষয়ক পর্যায়টির প্রয়োগ করার জন্য এখনও যথেষ্ট প্রমাণ পাওয়া যায় নি; এবং

খ এটি বিশ্বাস করার যথেষ্ট ভিত্তি আছে যে কিছু সময়ের মধ্যে আরো প্রমাণ পাওয়া যাবে; এবং

গ এই কেসটির গুরুত্ব এবং পরিস্থিতি অবিলম্বে অভিযুক্ত করার সিদ্ধান্তের ন্যায্যতা প্রতিপাদন করে; এবং

ঘ বেইল অ্যাক্ট [Bail Act] 1976 অনুযায়ী জামিন প্রদানে আপত্তি করার যথেষ্ট কারণ আছে এবং থাকবে এবং এই কেসটির সকল পরিস্থিতিতে জামিন মুলতুবি রাখার একটি আবেদন সঠিকভাবে করা যেতে পারে।

5.4 যেখানে উপরোক্ত শর্তগুলির যে কোনটি মেটানো যায় না, থ্রেশহোল্ড টেস্ট-এর প্রয়োগ করা যায় না, এবং সন্দেহভাজন ব্যক্তিকে অভিযুক্ত করা যায় না। সেই কেসগুলি কাস্টডি অফিসারের কাছে ফেরত পাঠাতে হবে যিনি স্থির করবেন এই ব্যক্তিকে আটকে রাখা হবে বা শর্তসাপেক্ষে বা তা ছাড়াই তাকে জামিনে মুক্তি দেওয়া হবে।

5.5 থ্রেশহোল্ড টেস্ট-এর প্রমাণবিষয়ক বিবেচনার দুটি অংশ আছে।

থ্রেশহোল্ড টেস্ট-এর প্রথম অংশ – যথেষ্ট সন্দেহ কি আছে?

5.6 প্রথমত, প্রসিকিউটারকে সন্তুষ্ট হতে হবে যে কমপক্ষে সঙ্গত পরিমাণে সন্দেহ করা যায় যে অভিযুক্ত করা ব্যক্তি অপরাধটি করেছেন।

5.7 সঙ্গত পরিমাণে সন্দেহ আছে কি না তা স্থির করতে প্রসিকিউটারকে বর্তমানে প্রাপ্ত প্রমাণগুলি বিবেচনা করতে হবে। এগুলি হতে পারে সাক্ষীর বিবৃতি, সামগ্রী বা অন্যান্য তথ্য, যদি প্রসিকিউটার সন্তুষ্ট হন যে:

ক এটি প্রাসঙ্গিক; এবং

খ এটির আদালতে পেশ করা যায় এমন ফর্ম্যাটে প্রস্তুত করার যোগ্যতা আছে, এবং

গ এটি কেসটিতে ব্যবহার করা হবে।

5.8 যদি থ্রেশহোল্ড টেস্ট-এর এই অংশটি সন্তুষ্ট করা যায়, প্রসিকিউটার তখন থ্রেশহোল্ড টেস্ট-এর দ্বিতীয় অংশটিতে যেতে পারেন।

থ্রেশহোল্ড টেস্ট-এর দ্বিতীয় অংশ – দোষী সাব্যস্ত করার কি বাস্তবিক সম্ভাবনা আছে?

5.9 প্রথমত, প্রসিকিউটারকে সন্তুষ্ট হতে হবে যে এটি বিশ্বাস করার যথেষ্ট কারণ আছে যে অনুসন্ধান চালু রাখলে সীমিত সময়ের মধ্যে আরো প্রমাণ পাওয়া যাবে, যাতে সকল প্রমাণ একসাথে বিবেচনা করা হলে তা সম্পূর্ণ কোড টেস্ট অনুযায়ী দোষী সাব্যস্ত করার এক বাস্তবিক সম্ভাবনার সৃষ্টি করার ক্ষমতা রাখে।

5.10 এই অতিরিক্ত প্রমাণগুলি চিহ্নিত করা যেতে হবে এবং তা শুধু জল্পনা হতে পারবে না।

5.11 থ্রেশহোল্ড টেস্ট-এর এই দ্বিতীয় অংশটির অধীনে কোন সিদ্ধান্ত নেওয়ার আগে, প্রসিকিউটারকে এগুলি অবশ্যই বিবেচনা করতে হবে:

ক ভবিষ্যতে পাওয়ার সম্ভাবনা আছে এমন প্রমাণগুলির ধরণ, পরিমাণ এবং তা পেশ করার যোগ্যতা এবং তা কেসটির উপর যা প্রভাব ফেলবে;

খ সকল প্রমাণগুলি যে অভিযোগগুলির সমর্থন করবে;

গ প্রমাণগুলি যে এখনো পাওয়া যায় নি তার কারণগুলি;

ঘ আরো প্রমাণগুলি পাওয়ার জন্য যে সময়ের প্রয়োজন আছে এবং এর ফলে কোন দেরী হলে তা সকল পরিস্থিতিতে সঙ্গত কিনা।

5.12 যদি থ্রেশহোল্ড টেস্ট-এর দুটি অংশই সন্তুষ্ট করা যায়, প্রসিকিউটারদের সেই সময় প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সম্পূর্ণ কোড টেস্ট-এর জনহিতার্থের পর্যায়টি অবশ্যই প্রয়োগ করতে হবে।

থ্রেশহোল্ড টেস্টটির পর্যালোচনা করা

5.13 থ্রেশহোল্ড টেস্ট-এর অধীনে অভিযুক্ত করার সিদ্ধান্তটি পর্যালোচনার অধীনে রাখতে হবে। প্রমাণগুলির নিয়মিত মূল্যায়ন করতে হবে এটি নিশ্চিত করতে যে অভিযোগটি এখনো যথাযথ এবং জামিন দেওয়াতে আপত্তি করা চালিয়ে যাওয়া ন্যায্য। যখনই তা করা যথেষ্ট সঙ্গত বলে মনে হবে সম্পূর্ণ কোড টেস্টটি প্রয়োগ করতে হবে এবং কোন প্রযোজ্য হাজতে থাকার সময়ের সীমা শেষ হওয়ার বা হাজতে থাকার প্রসারিত সময়ের সীমা শেষ হওয়ার আগে তা যে কোনভাবেই প্রয়োগ করতে হবে।

6 অভিযোগগুলি বেছে নেওয়া

6.1 প্রসিকিউটারদের সেই অভিযোগগুলি বেছে নিতে হবে যেগুলি:

ক অপরাধ করার গুরুত্ব এবং পরিসরের প্রতিফলন করে এবং প্রমাণ দ্বারা সমর্থিত ;

খ আদালতকে শাস্তিদান করতে এবং দোষী সাব্যস্ত করার পর যথাযথ আদেশ দিতে যথাযোগ্য ক্ষমতা প্রদান করে; এবং

গ স্পষ্ট ও সহজভাবে কেসটি পেশ করতে সমর্থ করে।

6.2 এটির অর্থ হল যে যখন বিকল্প থাকে তখন প্রসিকিউটারেরা সব সময়ে সবচেয়ে গুরুতর অভিযোগ করতে বা তা চালিয়ে যেতে চাইতে নাও পারেন।

6.3 কেবলমাত্র আসামীকে কয়েকটি অভিযোগের বিষয়ে দোষ কবুল করানোর জন্য প্রসিকিউটারদের প্রয়োজনের চেয়ে বেশি অভিযোগ করা উচিত নয়। একই ভাবে, কম গুরুতর কোন অভিযোগের বিষয়ে আসামীকে দোষ কবুল করানোর জন্য তাদের আরো বেশি গুরুতর অভিযোগ করা উচিত নয়।

6.4 প্রসিকিউটারদের অভিযোগ পরিবর্তন করা উচিত নয় কেবলমাত্র এই কারণে যে আদালত বা আসামী সিদ্ধান্ত নিয়েছেন যে কোথায় মামলাটির শুনানি হবে।

6.5 অভিযোগ দায়ের হওয়ার পর পরিস্থিতিতে কোন সঙ্গত পরিবর্তন এলে প্রসিকিউটারদের তা বিবেচনা করতে হবে।

7 আদালতের বাইরে নিষ্পত্তি

7.1 কোন কোন ক্ষেত্রে প্রসিকিউশন সার্ভিসের দায়িত্ব থাকে এই সিদ্ধান্তটি নিতে যে অপরাধীকে কোন শর্তসাপেক্ষে সতর্কীকরণ করা হবে কি না। এই সব ক্ষেত্রে, সম্পূর্ণ কোড টেস্ট-এর প্রয়োজনীয়তা মেটাতে হবে। প্রসিকিউটারেরা শর্তসাপেক্ষে সতর্কীকরণ প্রয়োগ করবেন যখন তা অপরাধটির গুরুত্ব এবং ফলের এক আনুপাতিক প্রতিক্রিয়া হবে এবং যেখানে যে শর্তগুলি দেওয়া হবে তা ক্রিমিনাল জাস্টিস অ্যাক্ট [Criminal Justice Act] 2003-এর পরিধির মধ্যে পুনর্বাসন, খেসারত বা শাস্তির লক্ষ্য পূরণ করবে।

7.2 শর্তসাপেক্ষে সতর্কীকরণ কোন অপরাধমূলক দোষী সাব্যস্তকরণ নয়, কিন্তু তা অপরাধীর ক্রিমিনাল রেকর্ডের অংশ হয় এবং তা ভবিষ্যতে কোন শুনানিতে আদালতে উদ্ধৃত করা হতে পারে। যদি অপরাধী পুনরায় অপরাধ করেন তাহলে প্রসিকিউটারেরা তা বিবেচনা করতে পারেন। প্রসিকিউটারেরা শর্তসাপেক্ষে সতর্কীকরণের সুযোগ দিতে পারেন যখন, ভুক্তভোগীর মতামতগুলি বিবেচনা করে, তারা মনে করেন যে তা সন্দেহভাজন ব্যক্তি, ভুক্তভোগী বা সম্প্রদায়ের হিতের জন্য তা করা উচিত।

7.3 প্রসিকিউটারদের যথাযথ কোড অফ প্র্যাকটিস [Code of Practice] এবং DPP-র গাইডেন্স অন কনডিশনাল কশনিং [Guidance on Conditional Cautioning] মেনে চলতে হবে যখন তারা সিদ্ধান্ত নেবেন যে অপরাধীকে শর্তসাপেক্ষে সতর্কীকরণের সুযোগ দেওয়া হবে কি না।

7.4 শর্তসাপেক্ষে সতর্কীকরণের যে সুযোগটি গ্রহণ করা হয় এবং মেনে চলা হয় তা প্রসিকিউশনের স্থান গ্রহণ করে। যদি শর্তসাপেক্ষে সতর্কীকরণের সুযোগটি স্বীকার করা না হয় বা যে ব্যক্তি শর্তসাপেক্ষে সতর্কীকরণের সুযোগ প্রদান করছেন তার কাছে সন্দেহভাজন ব্যক্তি দোষ স্বীকার না করেন, তখন প্রাথমিক অপরাধের জন্য মামলা চালাতে হবে। যদি শর্তসাপেক্ষে সতর্কীকরণের শর্তাবলী মেনে চলা না হয়, প্রসিকিউটার জনহিতের পুনর্বিবেচনা করবেন এবং সিদ্ধান্ত নেবেন যে অপরাধীকে অভিযুক্ত করা হবে কি না। সাধারণত, প্রাথমিক অপরাধের জন্য প্রসিকিউট করা উচিত।

7.5 ক্রাউন কোর্টে শুনানি হওয়া কোন অপরাধের জন্য অপরাধীকে একটি সহজ সতর্কীকরণ করার সুযোগ দেওয়া হবে কি না সে বিষয়ে শুধু প্রসিকিউটারেরাই সিদ্ধান্ত নিতে পারেন। ব্যতিক্রম কোন ক্ষেত্রেই এটি একটি যথাযথ নিষ্পত্তি হবে।

7.6 অন্য সকল ক্ষেত্রে, প্রসিকিউটারেরা CPS এবং হোম অফিস গাইডেন্স অনুযায়ী একটি সহজ সতর্কীকরণ করতে নির্দেশ দিতে পারেন. বা পরামর্শ দিতে পারেন, উদাহরণস্বরূপ কোন পেনাল্টি নোটিশ ফর ডিসঅর্ডার [Penalty Notice for Disorder] জারি করতে। কিন্তু পেনাল্টি নোটিশ ফর ডিসঅর্ডার জারি করার সিদ্ধান্তটি পুলিশ নিয়ে থাকেন।

7.7 যে কোন ক্ষেত্রে প্রসিকিউটারেরা যদি পুলিশ দ্বারা সহজ সতর্কীকরণ করাকে অনুমোদন করেন বা তা করতে নির্দেশ দেন, তাহলে তাদের সন্তুষ্ট হতে হবে যে সম্পূর্ণ কোড টেস্ট-এর প্রয়োজনীয়তা মেটানো হয়েছে এবং অপরাধী স্পষ্টভাবে তার দোষ স্বীকার করেছেন।

7.8 সহজ সতর্কীকরণ স্বীকার বা অন্য আদালতের বাইরে নিষ্পত্তি করাকে মেনে নিলে তা প্রসিকিউশনের স্থান নেয়। যদি সহজ সতর্কীকরণের সুযোগটি প্রত্যাখ্যান করা হয়, প্রাথমিক অপরাধের জন্য প্রসিকিউশন করতে হবে। যদি আদালতের বাইরে নিষ্পত্তিটি স্বীকার না করা হয়, প্রসিকিউটারেরা পুলিশ বা অন্য অনুসন্ধানকারীদের থেকে কেসটি পাওয়ার পর প্রথমে তাতে সম্পূর্ণ কোড টেস্ট প্রয়োগ করবেন, এবং অপরাধীটির বিরুদ্ধে প্রসিকিউশন করা হবে কি না সে বিষয়ে সিদ্ধান্ত নেবেন।

8 যুববয়সীরা

8.1 অপরাধমূলক আইনের জন্য কোন যুববয়সী হলেন এমন এক ব্যক্তি যার বয়স 18 বছরের কম।

8.2 যে সব কেসে যুববয়সীরা জড়িত আছেন সেখানে প্রসিকিউটারদের মনে রাখতে হবে যে ইউনাইটেড কিংডম ইউনাইটেড নেশনস 1989 কনভেনশন অন দ্য রাইটস অফ দ্য চাইল্ড [United Nations 1989 Convention on the Rights of the Child] এবং দ্য ইউনাইটেড নেশনস 1985 স্ট্যাণ্ডার্ড মিনিমাম রুলস ফর দ্য অ্যাডমিনিসট্রেশন অফ জুভেনাইল জাস্টিসে [United Nations 1985 Standard Minimum Rules for the Administration of Juvenile Justice] স্বাক্ষর করেছে। এছাড়া, প্রসিকিউটারদের যুববয়সীদের বিচার ব্যবস্থার মুখ্য উদ্দেশ্যের প্রতি খেয়াল রাখতে হবে, যা হল শিশু ও যুববয়সীদের অপরাধ করা থেকে আটকানো। প্রসিকিউট করা জনহিতার্থে কি না তার বিষয়ে সিদ্ধান্ত নেওয়র সময়ে প্রসিকিউটারদের যুববয়সীদের হিতের কথা মনে রাখতে হবে।

8.3 শুধু সন্দেহভাজনের বয়সের কারণে প্রসিকিউটারদের কোন সিদ্ধান্ত নেওয়া এড়ানো উচিত নয়। অপরাধটির গুরুত্ব এবং যুববয়সীটির পূর্ব আচরণ এক্ষেত্রে খুব গুরুত্বপূর্ণ।

8.4 যুববয়সীদের জড়িত করা কেসগুলি সাধারণত প্রসিকিউশন সার্ভিসের কাছে তখনই পাঠানো হয় যখন যুববয়সীটিকে আগেই সাবধান করে দেওয়া হয়েছে এবং চূড়ান্ত সতর্কীকরণ করা হয়েছে, যদি না অপরাধটি এত গুরুতর যে দুটির কোনটিই এক্ষেত্রে যথাযথ নয় বা যুববয়সীটি অপরাধটি স্বীকার করে না।

8.5 পুনরায় অপরাধ করা আটকাতে তিরস্কার করা, চূড়ান্ত সতর্কীকরণ এবং শর্তসাপেক্ষে সতর্কীকরণ (বিভাগ 7 দেখুন) করা হয় এবং যেহেতু আবার অপরাধ করা হয়েছে, তা জানাতে পারে যে পূর্বের নিষ্পত্তিগুলি কার্যকর হয় নি। সাধারণত এই সব ক্ষেত্রে জনহিতার্থে প্রসিকিউট করার প্রয়োজন হবে।

9 বিচারের পদ্ধতি

9.1 আসামীর বিচার হওয়া উচিত কি না সে বিষয়ে আদালতে মতামত জমা দেওয়ার সময় প্রসিকিউটারদের বর্তমান ম্যাজিস্ট্রেটস কোর্ট সেনটেন্সিং গাইডলাইনস [Magistrates' Court Sentencing Guidelines] এবং প্রাসঙ্গিক প্র্যাকটিস ডিরেকশনের [Practice Direction] বিষয়ে নজর দিতে হবে।

9.2 কোন কেস ম্যাজিস্ট্রেটের আদালতে রাখার জন্য দ্রুত নিষ্পত্তি কখনো একমাত্র কারণ হবে না। কিন্তু যদি কোন কেস ক্রাইম কোর্টে করা বিচার স্থির হয় বা পাঠানো হয়, তাহলে এই কেসটি নিষ্পত্তিতে দেরী হলে কোন ভুক্তভোগী বা সাক্ষীর উপর তার সম্ভাব্য প্রভাবের কথা প্রসিকিউটারদের বিবেচনা করা উচিত।

যুববয়সীদের সম্পৃক্ত করা কেসগুলির বিচারের স্থান

9.3 সাধারণত, প্রসিকিউটারদের মনে রাখতে হবে যে যুববয়সীদের যেখানে সম্ভব যুববয়সীদের আদালতেই বিচার হওয়া উচিত। এটিই হল সেই আদালত যা তাদের বিশেষ প্রয়োজনগুলি মেটানোর জন্য সবচেয়ে ভালোভাবে প্রস্তুত। ক্রাউন কোর্টে কোন যুববয়সীর বিচার শুধু অত্যন্ত গুরুতর ক্ষেত্রে করা হবে বা সেই সব ক্ষেত্রে যখন বিচারের প্রয়োজনীয়তায় যুববয়সীটিকে কোন প্রাপ্তবয়স্কের সাথে একসাথে বিচার করতে হবে।

10 দোষ কবুল করাকে স্বীকার করা

10.1 আসামীরা অভিযোগগুলির সবকটির বদলে কয়েকটিতে দোষ স্বীকার করতে চাইতে পারেন। বিকল্পভাবে, তারা অন্য কোন অভিযোগ স্বীকার করতে চাইতে পারেন, যা কম গুরুতর হতে পারে, কারণ তারা অপরাধের একটি অংশের বিষয়েই দোষ স্বীকার করছেন।

10.2 প্রসিকিউটারেরা আসামীর নিবেদন তখনই স্বীকার করবেন যখন তারা মনে করবেন যে আদালত এমন শাস্তি দিতে সমর্থ যা অপরাধটির গুরুত্ব অনুযায়ী হবে, বিশেষত যেখানে তাতে অবনতি হওয়ার সম্ভাবনা থাকে। প্রসিকিউটারেরা কখনই এই কারণে দোষ স্বীকারকে মেনে নেবেন না যে তা তাদের পক্ষে সুবিধাজনক।

10.3 নিবেদনটি গ্রহণযোগ্য কি না এটি বিবেচনা করতে, প্রসিকিউটারদের নিশ্চিত হতে হবে যে ভুক্তভোগীর হিত এবং যেখানে সম্ভব তার মতামত, এবং যথাযথ ক্ষেত্রে ভুক্তভোগীর পরিবারবর্গের মতামত বিবেচনা করা হয়। এটি হল যখন তারা সিদ্ধান্ত নেবেন যে এই নিবেদনটি স্বীকার করা জনহিতার্থে কি না। কিন্তু সিদ্ধান্তটি প্রসিকিউটারকেই নিতে হবে।

10.4 আদালতকে স্পষ্টীকরণ করতে হবে যে কি ভিত্তিতে নিবেদনটি করা হয়েছে এবং স্বীকার করা হয়েছে। যে সব কেসে আসামী অভিযোগগুলি স্বীকার করে নেন, কিন্তু সেই সব ঘটনার ভিত্তিতে যা প্রসিকিউশনের জানানো তথ্যের থেকে আলাদা, এবং যেখানে তা শাস্তিটিকে যথেষ্টরূপে প্রভাবিত করতে পারে, আদালতকে প্রমাণগুলি শুনতে আমন্ত্রণ জানানো হবে যে কি ঘটেছে এটি স্থির করতে, এবং সেই ভিত্তিতে শাস্তি দিতে হবে।

10.5 যখন কোন আসামী আগেই জানিয়েছেন যে তিনি আদালতকে শাস্তি নির্ধারণের সময় কোন অপরাধ বিবেচনা করতে বলবেন, কিন্তু পরে আদালতে সেই অপরাধটি স্বীকার করতে অস্বীকার করেন, প্রসিকিউটারেরা সিদ্ধান্ত নেবেন যে সেই অপরাধের জন্য প্রসিকিউট করার প্রয়োজন আছে কি না। প্রসিকিউটারদের আসামীর উকিল এবং আদালতের কাছে ব্যাখ্যা করতে হবে যে অপরাধটির জন্য প্রসিকিউট করার বিষয়টির আরো পুনর্বিচার করা হতে পারে।

10.6 সেই নিবেদনগুলি বিবেচনা করার সময় বিশেষ যত্ন নিতে হবে যখন তার ফলে আসামী আবশ্যক ন্যূনতম শাস্তি পাওয়াও এড়াতে পারেন। যখন কোন নিবেদন করা হয়, প্রসিকিউটারদের মনে রাখতে হবে যে কোন কোন অপরাধের ক্ষেত্রে আনুষঙ্গিক আদেশ দেওয়া যেতে পারে কিন্তু অন্যগুলির ক্ষেত্রে তা করা যায় না।

10.7 প্রসিকিউটারদের “অ্যাটর্নি জেনেরালস গাইডলাইন্স অন দ্য অ্যাক্সেপটেন্স অফ প্লিস অ্যান্ড দ্য প্রসিকিউটারস রোল ইন দ্য সেনটেনসিং এক্সারসাইজ [Attorney General's Guidelines on the Acceptance of Pleas and the Prosecutor's Role in the Sentencing Exercise]” মেনে চলতে হবে যা আরো বিশদভাবে জানায় যে দোষ স্বীকারের নিবেদনগুলির বিষয়ে প্রসিকিউটারদের দায়িত্ব ও ভূমিকা কি।

11 শাস্তি দেওয়াতে প্রসিকিউটারদের ভূমিকা

11.1 শাস্তি দেওয়াটি আদালতের সিদ্ধান্ত, কিন্তু প্রসিকিউটারদের দায়িত্ব থাকে শাস্তিদান করা আদালতকে নিম্নলিখিত বিষয়গুলিতে আদালতের দৃষ্টি আকর্ষণ করে সঙ্গত শাস্তি স্থির করতে সহায়তা করা:

ক প্রসিকিউশনের কেসে জানানো কোন পরিস্থিতির অবনতি সৃষ্টিকারী বা শাস্তি কমানোর কারণ;

খ ভুক্তভোগীর ব্যক্তিগত বিবৃতি;

গ যেখানে যথাযথ, সম্প্রদায়ের উপর অপরাধটির প্রভাবের প্রমাণ;

ঘ যে কোন বিধিবদ্ধ নিয়ম, শাস্তিদানের নির্দেশাবলী, বা নির্দেশমূলক কোন কেস যদি সহায়ক হয়; এবং

ঙ আনুষঙ্গিক আদেশগুলি সম্পর্কিত কোন প্রাসঙ্গিক বিধিবদ্ধ নিয়ম (যেমন অসামাজিক আচরণের বিষয়ে আদেশ)।

11.2 বর্তমান অপরাধটি শাস্তিদানের যে পরিধিতে পড়ে তার বিষয়ে বক্তব্য রেখে প্রসিকিউটারেরা আদালতকে সহায়তা করতে পারেন, যা উপরোক্ত কারণগুলি মাথায় রেখে করা হয়।

11.3 সব জটিল কেসগুলিতে বা যেখানে ভুল বোঝাবুঝির সম্ভাবনা থাকে, প্রসিকিউটারদের লিখিতভাবে পরিস্থিতির অবনতি সৃষ্টিকারী বা প্রভাব কমানোর কারণগুলি রাখতে হবে যা শাস্তিদানের শুনানিতে তিনি আদালতকে জানাবেন। অন্যান্য ক্ষেত্রে, এই পন্থাটির কথা বিচার করতে হবে এবং ব্যবহার করতে হবে যদি সেটির দ্বারা কেসটি বুঝতে আদালত বা জনসাধারণের সুবিধা হয়।

11.4 প্রসিকিউটারদের দায়িত্ব হল যথাযথ ক্ষেত্রে ক্ষতিপূরণ এবং আনুষঙ্গিক আদেশের জন্য আবেদন করা, যেমন অসামাজিক আচরণের আদেশ এবং বাজেয়াপ্ত করার আদেশ। কি আনুষঙ্গিক আদেশের জন্য আবেদন করতে হবে তা বিবেচনা করার সময়, প্রসিকিউটারকে ভুক্তভোগীর প্রয়োজনগুলির কথা মনে রাখতে হবে, যাতে অন্তর্গত তাদের ভবিষ্যত সুরক্ষার প্রশ্নটিও।

11.5 প্রসিকিউটারদের আসামীর পক্ষ থেকে করা শাস্তি কমানোর এমন কোন নিবেদন চ্যালেঞ্জ করতে হবে যা সঠিক নয়, ভ্রান্তি সৃষ্টিকারী বা অপমানজনক। যদি আসামীপক্ষ এই কথাটি বার বার জানান, এবং তা শাস্তিদানের জন্য প্রাসঙ্গিক মনে হয়, তাহলে এই অনুযায়ী আদালতকে প্রমাণগুলি শুনে সত্যতা যাচাই করতে এবং সে অনুযায়ী শাস্তি স্থির করতে আমন্ত্রণ জানানো উচিত।

11.6 প্রসিকিউটারদের “অ্যাটর্নি জেনেরালস গাইডলাইন্স অন দ্য অ্যাক্সেপটেন্স অফ প্লিস অ্যান্ড দ্য প্রসিকিউটারস রোল ইন দ্য সেনটেনসিং এক্সারসাইজ” মেনে চলতে হবে যা আরো বিশদভাবে জানায় যে শাস্তিদানের বিষয়ে প্রসিকিউটারদের দায়িত্ব ও ভূমিকা কতটা।

12 প্রসিকিউশনের সিদ্ধান্তকে পুনর্বিবেচনা করা

12.1 প্রসিকিউশন সার্ভিসের নেওয়া সিদ্ধান্তগুলির বিষয়ে মানুষের নির্ভর করতে পারা উচিত। সাধারণত, প্রসিকিউশন যদি সন্দেহভাজন বা আসামীকে জানায় যে প্রসিকিউট করা হবে না, বা প্রসিকিউশন বন্ধ করে দেওয়া হয়েছে, কেসটি আবার শুরু করা হবে না। কিন্তু কোন কোন ক্ষেত্রে কিছু কিছু বিশেষ কারণ আছে যেখানে প্রসিকিউশন সার্ভিস প্রসিকিউট না করার বা আদালতের বাইরে মামলাটি নিষ্পত্তি করার বা কখন তারা প্রসিকিউশনটি পুনরায় চালু করবে সে বিষয়ে সিদ্ধান্তটি বদলে ফেলতে পারে, বিশেষত যদি কেসটি গুরুতর হয়।

12.2 এই কারণগুলিতে অন্তর্ভুক্ত হল:

ক বিরল ক্ষেত্র, যেখানে মূল সিদ্ধান্তটির পুনর্বিবেচনা করে দেখা গেছে যে সেটি ভুল, এবং অপরাধমূলক বিচারব্যবস্থায় মানুষের ভরসা বজায় রাখার জন্য, আগের সিদ্ধান্তটি সত্ত্বেও প্রসিকিউশন চালু করা উচিত;

খ যে কেসগুলি মুলতুবি রাখা হয়েছে কারণ অদূর ভবিষ্যতে আরো প্রমাণ সংগ্রহ এবং তৈরী করা যেতে পারে। এই কেসগুলিতে, প্রসিকিউটার আসামীকে জানাবেন যে মামলাটি আবার চালু হতে পারে;

গ যে কেসগুলি প্রমাণের অভাবে মুলতুবি রাখা হয়েছে কিন্তু পরে আরো যথেষ্ট প্রমাণ পাওয়া যায়; এবং

ঘ মৃত্যু সম্পর্কিত কোন কেস যেখানে মৃত্যুর কারণ অনুসন্ধানের ফল অনুযায়ী সিদ্ধান্ত নেওয়া হয় যে প্রসিকিউশন চালু করা উচিত, তা না করার আগের কোন সিদ্ধান্ত অগ্রাহ্য করে।

12.3 কিছু অসাধারণ কেস থাকতে পারে যেখানে, কোন গুরুতর অপরাধে মুক্তি দেওয়ার পর, প্রসিকিউটার DPP–র লিখিত অনুমতি নিয়ে, মুক্তিটি বাতিল করার এবং আসামী পুনরায় বিচার হওয়ার আদেশের জন্য কোর্ট অফ অ্যাপিলে আবেদন করতে পারেন।

এটি একটি জনসাধারণের দলিল।

এই দলিলের আরো কপি এবং বিকল্প ভাষা ও ফর্ম্যাটের বিষয়ে তথ্য এখানে পাওয়া যাবে:

CPS Communication Division
Rose Court
Southwark Bridge
London SE1 9HF

ইমেইল: publicity.branch@cps.gsi.gov.uk

ক্রাউন প্রসিকিউশন সার্ভিসের বিষয়ে আরো তথ্যের জন্য, এবং এই দলিলটির একটি ইলেকট্রনিক কপি দেখতে বা ডাউনলোড করতে, অনুগ্রহ করে আমাদের ওয়েবসাইটে যান:

www.cps.gov.uk

CPS পলিসি ডিরেক্টোরেট
© ক্রাউন কপিরাইট 2010